গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
www.habiganjsadar.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২২- ২৪৪

তারিখঃ ০৭ এপ্রিল.২০২২

বিষয় ঃ **উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলার এপ্রিল ২০২২ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা আগামী ১১ এপ্রিল ২০২২ তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হয়ে সভার কার্যক্রমে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সভার কার্যপত্র আগামী ১১ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে হার্ডকপি ও সফটকপি ই-মেইলে (unohabiganj@mopa.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

নাজরা তুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

বিতরণ ঃ
০১। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০২। উপজেলা -- অফিসার (সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৩। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান --- ইউনিয়ন পরিষদ (সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৫। জনাব --

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য ,হবিগঞ্জ-০৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৪। অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ (তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ (তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৭। জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ(তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৮। ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

নাজরা তুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির এপ্রিল,২০২২ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : নাজরাতুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

সভার তারিখ : ১১ এপ্রিল ২০২২, সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার হাজিরা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই কমিটির সম্মানীত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য,এডভোকেট মো: আবু জাহির মহোদয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ	বিগত ১৪.০৩.২০২২ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	সার্বিক আইন-শৃঙ্খলা	(১) জনাব মো: আকরাম আলী, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর বলেন, ইতোপূর্বে আইন-শৃঙ্খলা কমিটির সভায় লোকড়া ইউনিয়নে বালিকান্দি মৌজায় সরকারি খাল ভরাট করে দখল করায় প্রতিকারের জন্য সিদ্ধান্ত নেয়া হয়েছিল। কিন্তু অদ্যাবধি এব্যাপারে কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি। এ প্রসঙ্গে সহকারী কমিশনার(ভূমি),হবিগঞ্জ সদর বলেন, তিনি উক্ত স্থান সরেজমিনে পরিদর্শন করেছেন। উক্ত ভূমির সঠিক মালিকানা নির্ধারণ ও স্কেচ ম্যাচ তৈরী করার জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও সার্ভেয়ারের সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়েছে । তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।	(১) বালিকান্দি মৌজায় সরকারি খাল ভরাট করে দখল করার বিষয়ে গঠিত কমিটি কর্তৃক দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল ও পরবর্তী আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর
		(২) জনাব মো: বদরুল করিম দুলাল, চেয়ারম্যান, ৬ নং রাজিউড়া ইউপি বলেন, তার ইউনিয়নের শৈলজুরা গ্রামে মসজিদে ইমামকে কেন্দ্র করে দু'পক্ষের মধ্যে বিরোধ সৃষ্টি হলে নতুন ইমাম নিয়োগ করে ওসি সাহেবের সহযোগিতায় তা নিরসন করা হয়েছে।		
		(৩) জনাব আব্দুল মন্নান, চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি বলেন, ইদানিং প্রত্যন্ত এলাকা থেকে আসা ভোর বেলায় কাঁচামাল বহনকারী ৪/৫টি গাড়ি শহরে প্রবেশের সময় কতিপয় দুর্বৃত্ত আটক করে নিয়ে যায়। এদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করেন। তিনি আরও বলেন, তার ইউনিয়নের বহুলা গ্রামে জেলা পরিষদের পুকুরের পাড়ে জুয়া খেলা ও মাদক সেবন করা হয়। জুয়া খেলা ও মাদকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্যও প্রস্তাব করেন।	(৩) কাঁচামাল বহনকারী গাড়ি আটক করা, জুয়া ও মাদকের সাথে জড়িতদের বিরুদ্ধে তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৪) জনাব মো: তাজউদ্দিন,চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি বলেন, ৩০ চৈত্র এতবারপুর গ্রামের বান্নি অনুষ্ঠিত হবে। এতে	(৪) এতবারপুর গ্রামের বান্নিতে আইন-শৃঙ্খলা বজায় রাখাও কোন অসামাজিক কার্যকলাপ যাতে না হয়	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা

		অসংখ্য লোক সমাগম হয়ে থাকে। দর্শনার্থী বেশী হওয়ায় আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য তিনি প্রস্তাব করেন।	সেজন্য পুলিশ ফোর্স মোতায়েন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
		তিনি আরও বলেন, দরিয়াপুর গ্রামের রাস্তার উপর সান সান ব্রিক্স কোং কর্তৃক মাটি ফেলার কারণে বৃষ্টির পানিতে মাটি পাকা সড়কের উপর চলে আসায় একাধিক মোটর সাইকেল দুর্ঘটনার ঘটনা ঘটেছে এবং বেশ কয়েকজন লোক গুরুতর আহত হয়েছে। উক্ত মাটি অপসারণের ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন।	দরিয়াপুর গ্রামের রাস্তার উপর মাটি ফেলে প্রতিবন্ধকতা অপসারণের পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৫) চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি বলেন যে, রমজান মাসে ইফতার,তারাবি নামাজের সময় লোড শিডিং করার ফলে রোজাদারগণের অনেক কষ্ট পাচ্ছেন। অবিলম্বে লোড শিডিং বন্ধের জন্য তিনি প্রস্তাব করেন।	(৫) পবিত্র রমজান মাসে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(৫) নির্বাহী প্রকৌশলী, পিডিবি,হবিগঞ্জ/জিএম, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ
		(৬) সহকারী প্রকৌশলী, পিডিবি, হবিগঞ্জ বলেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান সহ বিভিন্ন সরকারী দপ্তরে পিডিবি'র প্রায় ৭৮ লক্ষ টাকা বকেয়া বিদ্যুৎ বিল পাওনা রয়েছে। উক্ত পাওনা টাকা আদায়ের ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	(৬) বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে অনাদায়ী প্রতিষ্ঠানগুলোকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী, পিডিবি, হবিগঞ্জ
		(৭) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,হবিগঞ্জ সদর বলেন, গরুর বাজারস্থ খাদ্য গুদামের সামনের বিদ্যুৎ লাইন সংস্কার কাজে কিছু দুস্কৃতিকারী বাধা দিচ্ছে, ফলে সংস্কারে কাজে বিঘ্নিত হচ্ছে। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রস্তাব করেন।	(৭) বিদ্যুৎ লাইন সংস্কার কাজে বাধা প্রদানকারীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৮) জনাব মো: ইয়াছির আরাফাত রানা, সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর বলেন, শহরে যানজট নিরসনের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা করে চৌধুরী বাজার এলাকায় অবৈধ স্থাপনা উচ্ছেদসহ কিছু মালামাল পৌরসভার ডাম্পিং ষ্টেশনে ডাম্পিং করা হয়েছে। এ কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি স্বল্পমূল্যে টিসিবি'র পণ্য সামগ্রী বিক্রির চলমান কার্যক্রমে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যান,ট্যাগ অফিসার, পুলিশ ফোর্সসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	(৮) যানজট নিরসনে ও রাস্তার উপর কোন দোকান যাতে না বসে সেজন্য মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র,হবিগঞ্জ পৌরসভা/ সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর/ অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৯) জনাব মো: মাসুক আলী, ওসি, হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, মার্চ,২০২২ মাসে অত্র থানায় ধর্ষণ-২,ধর্ষণের চেষ্টা-১, মাদক আইনে ১১,অন্যান্য খাতে ১১ মোট ২৫টি মামলা রুজু হয়েছে। মোট ১২৬টি গ্রেফতারী পরোয়ানা তামিল করা হয়েছে এবং ১০টি সাজা পরোয়ানা নিস্পত্তি হয়েছে। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক	(৯) হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও জুয়াসহ বিভিন্ন অপরাধীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা

		আছে। তিনি বলেন,নিজামপুর ইউনিয়নে সান সান ব্রিক্স ফিল্ড এর নির্মাণ ও সংস্কার কাজ চলমান আছে। এটি বাস্তবায়িত হলে এলাকার অনেক শ্রমিকের কর্মসংস্থান সৃষ্টি হবে ও এলাকার উন্নয়ন হবে। ৩ দিন পূর্বে রাতের বেলায় উক্ত প্রতিষ্ঠানের বাউন্ডারী টিনসেড কতিপয় দুস্কৃতিকারী ভেঙ্গে ভিতরে প্রবেশ করে ভাংচুর করে ও মালামাল নিয়ে যায়। এ বিষয়ে মামলা হয়েছে। এক দল শ্রমিক উক্ত প্রতিষ্ঠানে কাজ না পেয়ে এ ঘটনা ঘটায় মর্মে জানা যায়। প্রতিষ্ঠানে কার্যক্রম বর্তমানে বন্ধ রয়েছে। এ প্রসঙ্গে চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি বলেন, সান সান ব্রিক্স ফিল্ডের পরিচালক, নুরুল হুদা একজন অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা। তিনি সাধারণ কর্মচারী ও শ্রমিকদের সাথে বাজে আচরণ ও অকথ্য ভাষায় গালিগালাজ করে থাকেন এবং শ্রমিকদের ঠিকমত বেতন না দিয়ে খারাপ দুর্ব্যবহার করেন। তার আচরণে এলাকাবাসী অতীষ্ট। আ: হালিম গং এর নিকট হতে ক্রয়কৃত জমি দিনের বেলায় মাটি ভরাট করেন,কিন্তু উক্ত ভূমির সংলগ্ন শরীফবাদা নিবাসী আ: মজিদ গং এর মালিকানাধীন জমিতে ১১ টার দিকে লোকজন নিয়ে মাটি ভরাট করতে থাকেন। এমন অবস্থায় উক্ত ব্যক্তি ওয়ারিশান এলাকাবাসীকে অবহিত করলে এলাকাবাসী জড়ো হয়ে উক্ত অবৈধভাবে মাটি ভরাট কাজের প্রতিবাদ করলে ১ জন ৮০ বছর বয়সী যিনি চেয়ারে বসে নামাজ আদায় করেন তাকে আসামীভুক্ত করে থানায় মিথ্যা মামলা দায়ের করে। তিনি বিষয়টি নিরপেক্ষ তদন্তের দাবী জানান। জনাব আব্দুর রহমান,ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, হবিগঞ্জ সদর বলেন, সান সান ব্রিক্স ফিল্ডের পরিচালকের আচার আচরণ অত্যন্ত রুঢ় ও ঔদ্যত্যপূর্ণ। তিনি আরও বলেন, পুলিশ বিভাগের উন্নয়নমূলক বাজেটের অব্যয়িত অর্থের দ্বারা সারাদেশের প্রতিটি উপজেলায় ১টি করে ২লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ করে দেয়া হয়েছে, যা গতকাল মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেন। সদর উপজেলার পৈল গ্রামে ১জন গৃহহীনকে গৃহ নির্মাণ করে দেয়া হয়েছে। পাশাপাশি দরিদ্র জনগোষ্ঠিকে আইনী সহযোগিতা প্রদানের লক্ষ্যে প্রতিটি থানায় হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে।	সান সান ব্রিক্স ফিল্ড কর্তৃপক্ষ, জনপ্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সংশ্লিষ্টদের নিয়ে বসে আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা/চেয়ারম্যান,নিজাম পুর ইউপি,হবিগঞ্জ সদর
		(১০) জনাব মাহবুবুর রহমান আউয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,	(১০) বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে নিহত আয়াত আলীর পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের	নির্বাহী প্রকৌশলী, পিডিবি,হবিগঞ্জ

		হবিগঞ্জ সদর বলেন, পেট্রোল পাম্পের নিকটে বাইপাস সড়কের পাশে পিডিবি'র বিদ্যুতের খুঁটির তার মাটিতে পড়ে থাকায় বহুলা গ্রামের আয়াত আলী নামীয় দরিদ্র কৃষক বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে নিহতের ঘটনায় পিডিবি কর্তৃপক্ষের কর্তৃক ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সাহায্য প্রদান করার জন্য বিগত সভায় অনুরোধ করা হলেও পিডিবি'র নিকট হতে ক্ষতিপূরণ প্রদান না করায় তিনি ক্ষোভ প্রকাশ করেন। উক্ত পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের পদক্ষেপ গ্রহণ করার জন্য পুনরায় প্রস্তাব করেন।	ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্বাহী প্রকৌশলী,পিডিবি,হবিগঞ্জকে অনুরোধ করা হয়।	
		তিনি আরও বলেন, সুদখোরদের তালিকা তৈরীর সিদ্ধান্ত গ্রহণ করা হলেও গঠিত কমিটি কর্তৃক অদ্যাবধি তালিকা প্রস্তত করা হয়নি। সুদখোরদের চড়া সুদের কবলে পড়ে সাধারণ মানুষ নিঃস্ব হয়ে যাচ্ছে। এব্যাপারে দ্রুত কার্যক্রম গ্রহণ করার জন্য তিনি পুনরায় প্রস্তাব করেন।	সুদখোরদের তালিকা তৈরী করে প্রেরণ ও তালিকা প্রাপ্তির পর যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান,ইউপি (সকল)/সহকারী কমিশনার(ভূমি),হবিগঞ্জ সদর
		তিনি আরও বলেন, সান সান ব্রিক্স ফিল্ড কোং কর্তৃক রাস্তায় কাঁচা মাটির ফেলার দরুন দুর্ঘটনা ঘটায় তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রস্তাব করেন।	দরিয়াপুর গ্রামের রাস্তার উপর মাটি ফেলে প্রতিবন্ধকতা অপসারণের পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(১১) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখার জন্য প্রাণপণ চেষ্ঠা করা হচ্ছে, তবুও কিছু কিছু অনাকাঙ্খিত ঘটনা ঘটে যায়। তিনি আরও বলেন, এ অঞ্চলে জলমহাল নিয়ে দাঙ্গা ও মামলা মোকদ্দমা তৈরী হয়। নীতিমালা অনুযায়ী সঠিকভাবে তদন্ত করে নিকটবর্তী মৎস্যজীবী সমবায় সমিতি যাতে লীজ পায় সেদিকে নজর রাখার উপর গুরুত্বরোপ করেন।	(১১) জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী জলমহাল লীজ প্রদান করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
		তিনি বলেন, পূর্ব অনন্তপুর এলাকায় পিডিবি'র বিদ্যুতের মেইন লাইনের তার একদল দুস্কৃতিকারী চুরি করে নিয়ে যাচ্ছিল। স্থানীয় লোকজন দেখে ফেলায় তার ফেলে পালিয়ে যায়,ঐ তার এখনও পরিত্যক্ত অবস্থায় আছে। উক্ত তার উদ্ধার করার জন্য তিনি পিডিবিকে অনুরোধ জানান।	পূর্ব অনন্তপুর এলাকায় পিডিবি'র বিদ্যুতের মেইন লাইনের ফেলে থাকা বৈদ্যুতিক তার উদ্ধার করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী, পিডিবি,হবিগঞ্জ
		তিনি বলেন, টমটম যেখানে সেখানে থামিয়ে যাত্রী উঠানামা করার ফলে যানজট তৈরী হচ্ছে। যানজট নিরসনের লক্ষ্যে টমটম সমিতির নেতৃবৃন্দের সাথে বসে আলোচনা করার উপর গুরুত্বারোপ করেন।	যানজট নিরসনের জন্য মেয়র,হবিগঞ্জ পৌরসভাকে টমটম সমিতির নেতৃবৃন্দের সাথে বসে আলোচনার উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ করা হয়।	মেয়র,হবিগঞ্জ পৌরসভা

		(১২) মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩ বলেন, আগামী ৩০ চৈত্র এতবারপুর গ্রামের বান্নি অনুষ্ঠিত হবে। এতে কোনরুপ জুয়া বা অনৈতিক কার্যকলাপ যাতে না হয় সেজন্য নজরদারী করার নির্দেশনা প্রদান করেন। তিনি ইদানিং শহরের বাসা বাড়িতে চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে, প্রায়শ:ই বাসা বাড়িতে চুরি হচ্ছে। চোরদের বিরুদ্ধে পুলিশী অভিযান জোরদার করতে হবে।	(১২) এতবারপুর গ্রামের বান্নিতে যেন কোনরুপ জুয়া বা অসামাজিক কার্যকলাপ না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		তিনি যানজট নিরসনে লক্ষ্যে উমেদনগর পয়েন্ট, কোর্ট স্টেশন পয়েন্ট ও পৈল রোড পয়েন্টে যানজট নিরসনে নজরদারী অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, ইতোপূর্বে গঠিত কমিটির প্রধান সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর এর নিকট সুদখোরদের তালিকা দাখিল করার জন্য চেয়ারম্যান গণকে পরামর্শ প্রদান করেন। তালিকা প্রাপ্তির পর তিনি যাচাই-বাছাই করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সভায় উপস্থাপন করবেন।	যানজট নিরসনে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে নজরদারী বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র,হবিগঞ্জ পৌরসভা/ সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর/ অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		তিনি বলেন, ওয়াজ বা ধর্মীয় অনুষ্ঠানে রাত ১২ টার পর সাউন্ড দিয়ে মাইক ব্যবহার বা গান বাজনা করা যাবে না। ঈদ উপলক্ষে রাস্তার উপর ডিজে পার্টি বা গান বাজনা করা যাবে না। সাংস্কৃতিক অনুষ্ঠান করতে হলে সুনির্দিষ্ট স্থানে করা যেতে পারে। অনুমতি প্রদানের সময় ওসিসহ সংশ্লিষ্ট তা জানিয়ে দিবেন। বিদ্যুৎ স্পৃষ্ঠ মৃত্যুবরণকারী আয়াত আলীর পরিবারকে মানবিক কারণে হলেও পিডিবি কর্তৃক আর্থিক সাহার্য প্রদান করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন।	ওয়াজ বা ধর্মীয় অনুষ্ঠানে রাত ১২টার পর মাইক ব্যবহার ও গান বাজনা করা যাবে না এবং ঈদ উপলক্ষে রাস্তার উপর ডিজে পার্টি বা গান বাজনা করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		তিনি বলেন, জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী জাল যার জলা তার নীতিতে জলমহাল ইজারা প্রদান করা হয়। ১টি জলমহালের জন্য একাধিক সমিতি ইজারা নিতে অংশ গ্রহণ করে। একটি গ্রামে একাধিক সমিতি থাকায় একপক্ষ লীজ পায়, অন্যপক্ষ লীজ না পেয়ে দাঙ্গাসহ মামলা মোকদ্দমায় জড়িয়ে পড়ে। এক গ্রামে একটি সমিতি থাকলে এরুপ সমস্যার সৃষ্টি হতো। নীতিমালার বাহিরে জলমহাল লীজ প্রদানের কোন সুযোগ নেই। তিনি সান সান ব্রিক্স ফিল্ড কোং এর কর্তৃপক্ষের সাথে স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি বর্গসহ জমির মালিকগণের সাথে বসে এ বিষয়ে মিমাংসা করার জন্য ওসি, সদর মডেল থানাকে পরামর্শ প্রদান করেন।	জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী জলমহাল লীজ প্রদান করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

		(১৩) সভাপতি বলেন, বেশ কয় জন ইউপি চেয়ারম্যান সভায় অনুপস্থিত রয়েছেন। যা কোনভাবেই কাম্য নয়। তিনি পরবর্তী সভায় সকল ইউপি চেয়ারম্যানের উপস্থিতি কামনা করেন। তিনি ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা আয়োজন করে সভার কার্য বিবরণী প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও বলেন, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব এখনও নির্মুল হয় নি। তাই আসন্ন বাংলা নববর্ষ এবং পবিত্র ঈদ-উল-ফিতর স্বাস্থ্য বিধি মেনে পালন করার জন্য সকলের প্রতি আহবান জানান। তিনি বলেন, পবিত্র রমজান উপলক্ষে নিম্ন আয়ের জনগণকে স্বল্পমূল্যে টিসিবি'র পণ্য সরবরাহ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্মসূচি গ্রহণ করেছেন। সদর উপজেলায় ১ম পর্যায়ের পন্য বিতরণ ভালভাবে সম্পন্ন হয়েছে,২য় পর্যায়ে ৪টি ইউনিয়নে বিতরণ করা হয়েছে, অবশিষ্ট ৪টি ইউনিয়নে ও শীঘ্রই পণ্য বিতরণ করা হবে। পণ্য বিতরণে সকলের সহযোগিতার ফলে এটি সফলতার সাথে সম্পন্ন করা সম্ভব হয়েছে। এজন্য সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা তিনি কামনা করেন।	(১৩) নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকার এবং ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা আয়োজন করে সভার কার্য বিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
		তিনি গ্রাম আদালতের মার্চ, ২০২২ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়, লুকড়া ইউনিয়নে ০২, রিচি ইউনিয়নে ১১, তেঘরিয়া ইউনিয়নে ১০, পৈল ইউনিয়নে ০৫, গোপায়া ইউনিয়নে ০৭, রাজিউড়া ইউনিয়নে ০৫ ও লস্করপুর ইউনিয়নে ০২ সর্বমোট ৪২টি মামলা অনিস্পন্ন অবস্থায় আছে।	অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর

ছক

ইউনিয়নের নাম	গ্রাম আদালতের মোট সংখ্যা	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়ের কৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিস্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
লুকড়া	০১	০২	-	০২	১	০১	
রিচি	০১	১১	-	১১	১	১০	
তেঘরিয়া	০১	১০	-	১০	২	০৮	
পৈল	০১	০৫	-	০৫	২	০৩	
গোপায়া	০১	০৭	-	০৭	২	০৫	
রাজিউড়া	০১	০৫	-	০৫	২	০৩	
নিজামপুর	০১	-	-	-	-	-	
লস্করপুর	০১	০২	-	০২	-	০২	
মোট =	০৮	৪২	-	৪২	১০	৩২	

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজরাতুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২২-১৫২

তারিখ: ১১ এপ্রিল ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। অধিনায়ক, র‌্যাব, হবিগঞ্জ
০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। মেয়র, হবিগঞ্জ পৌরসভা।
০৭। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিনিয়র জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৯। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১০। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ
১১। জনাব .... সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১২। ....

নাজরাতুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ